


কমিউনিটি রেডিও স্টেশন
জেতার নির্দেশিকা
Community Radio Station
GENDER GUIDELINES



Project Funded by European Union

**FREE
PRESS
UNLIMITED**

Promoting
communication
technology
for a
FAIRER WORLD



BNNRC
Bangladesh NGOs Network for
Radio and Communication
In Special Consultative Status with the UN ECOSOC

কমিউনিটি রেডিও স্টেশন

জেন্ডার নির্দেশিকা

Community Radio Station

GENDER GUIDELINES



Project Funded by European Union

**FREE
PRESS
UNLIMITED**



Bangladesh NGOs Network for
Radio and Communication
In Special Consultative Status with the UN ECOSOC



কমিউনিটি রেডিও স্টেশন পরিচালনায়
জেতার সমতা এবং
সামাজিকীকরণ নির্দেশিকা ২০১৩
(আন্তর্জাতিক ও জাতীয় প্রেক্ষিত)

সম্পাদনা
মার্ক মানস সাহা
তামান্না রহমান

প্রথম প্রকাশ
মার্চ ২০১২

দ্বিতীয় সংস্করণ
জানুয়ারি ২০১৩

নকশা ও মুদ্রণ
রেডলাইন

বাংলাদেশ এনজিওস নেটওয়ার্ক ফর রেডিও এন্ড
কমিউনিকেশন

বাড়ি ১৩/১, সড়ক ২, শ্যামলী, ঢাকা ১২০৭
ফোন : +৮৮ ০২ ৯১৩০৭৫০, ৯১৩৮৫০১
ফ্যাক্স : +৮৮ ০২ ৯১৩৮৫০১-১০৫
ইমেইল : ceo@bnnrc.net
ওয়েব : www.bnnrc.net

প্ল্যান বাংলাদেশ-এর আর্থিক সহায়তায় প্রকাশিত

**Gender Equality and Socialization
Guidelines for
Community Radio Stations 2013**
(National & International Context)

Editor
Mark Manash Saha
Tamanna Rahman

1st Published
March 2012

2nd Edition
January 2013

**Design and Print
redline**

**Bangladesh NGOs Network for Radio and
Communication (BNNRC)**
House : 13/1, Road : 02, Shamoly, Dhaka 1207
Phone: +88 02 9130750, 9138501, 9101479
Fax: +88 02 9138501-105
E-mail: ceo@bnnrc.net
Web: www.bnnrc.net

Supported by Plan Bangladesh

সূচিপত্র CONTENTS

বাংলা সংস্করণের ভূমিকা	Preface	04
পূর্বকথা	Prologue	06
কমিউনিটি রেডিও স্টেশন পরিচালনায় জেতার নির্দেশিকা (আন্তর্জাতিক প্রেক্ষিত)	Gender guidelines for operating community radio station (International Context)	
ভূমিকা	Introduction	08
বেতারতরঙ্গে নারীদের প্রবেশাধিকার	Access of women in radio waves	10
বেতারতরঙ্গে নারী প্রতিনিধিত্ব	Representation of women in radio waves	11
সংখ্যালঘু নারীদের বিশেষ প্রতিনিধিত্ব	Special representation of minority women	11
স্টেশন ব্যবস্থাপনার সকল পর্যায়ে নারী প্রতিনিধিত্ব	Women representation at all stages of station management	12
উপযুক্ত প্রযুক্তির ব্যবহার	Uses of appropriate technology	13
রেডিওতে নারীদের জন্যে অর্থায়ন ও দক্ষতা বিকাশ	Financing and skill development for women in radio	14
কমিউনিটি রেডিওতে জেতার সমতা এবং সামাজিকীকরণ (জাতীয় প্রেক্ষিত)	Gender equality and socialization in community radio (Bangladesh Context)	
পটভূমি	Background	15
১ এই নির্দেশিকার উদ্দেশ্যসমূহ	1 Purpose of this guideline	15
২ নির্দেশিকার প্রয়োজনীয়তা ও ভিত্তি	2 Need and basis of this guideline	15
২.১ নির্দেশিকার প্রয়োজনীয়তা	2.1 Need of this guideline	15
২.২ নির্দেশিকার ভিত্তি	2.2 Basis of this guideline	16
৩ নির্দেশিকার ব্যবহারকারী	3 User of this guideline	17
৪ বাস্তবায়ন পদ্ধতি	4 Implementation process	17
৫ জেতার নির্দেশিকা বাস্তবায়নের ক্ষেত্রসমূহ	5 Fields of implementation of this gender guideline	17
৫. ১ জেতার নির্দেশিকা চর্চা ও অনুশীলনের ক্ষেত্রসমূহ	5. 1 Fields of practice and exercise of this gender guideline	17
৫. ১. ১ সুশাসনের জন্যে জেতার নির্দেশিকা	5. 1. 1 Gender guideline for good governance	18
৫. ১. ২ সংগঠন ও ব্যবস্থাপনা	5. 1. 2 Organization and management	18
৫. ১. ৩ সক্ষমতা উন্নয়ন	5. 1. 3 Capacity development	18
৫. ১. ৪ জেতার-বান্ধব পরিবেশ সৃষ্টি	5. 1. 4 Creating gender-friendly atmosphere	18
৫. ১. ৫ রেডিও কার্যক্রম/অনুষ্ঠানমালা	5. 1. 5 Radio activities/programs	19
৫. ১. ৬ উপকারভোগী জনগোষ্ঠীর সঙ্গে সংলাপ	5. 1. 6 Dialogues with the beneficiary populace	19
৫. ১. ৭ জেতার নির্দেশিকা সংশ্লিষ্ট বিষয়ে উৎসাহ দান	5. 1. 7 Encouraging the gender guideline and related matters	19
৫. ১. ৮ রেডিও স্টেশন ও স্থানীয় স্টেকহোল্ডারদের সাথে নির্দেশিকা বিষয়ে অংশীদারিত্ব	5. 1. 8 Partnership with the radio stations and local stakeholders on this guideline	19
৫. ১. ৯ জেতার নির্দেশিকা বিষয়ক প্রধান সম্বলক নিয়োগ	5. 1. 9 Appointing a Chief Coordinator on gender guideline	20
৫. ১. ১০ জেতার নির্ভর বাজেট ও নিরীক্ষা ব্যবস্থা	5. 1. 10 Gender-based budget and survey systems	20

বিশ্বের অন্যান্য অঞ্চলের সাথে সাড়া দিয়ে দক্ষিণ এশিয়ার দেশগুলোতে কমিউনিটি রেডিও অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বাংলাদেশও তথ্য অধিকারের এই আন্দোলনে পিছিয়ে নেই। বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয় কর্তৃক প্রণীত হয়েছে কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রসারণ ও পরিচালনা নীতিমালা ২০০৮ এবং কমিউনিটি রেডিও কৌশলপত্র ২০১২-এ জন্যে আমরা সরকারকে ধন্যবাদ জানাচ্ছি।

বাংলাদেশ এনজিওস নেটওয়ার্ক ফর রেডিও এন্ড কমিউনিকেশন (বিএনএনআরসি) প্রতিষ্ঠালগ্ন থেকেই বাংলাদেশে কমিউনিটি রেডিও চালু করার জন্যে অপরাপর সংগঠনগুলোকে নিয়ে সরকারের সাথে অধিপারামর্শ করে আসছে। দীর্ঘ এক যুগের ঐকান্তিক প্রচেষ্টায় আজ বাংলাদেশে ১৪টি কমিউনিটি রেডিও সম্প্রচার কার্যক্রম শুরু করেছে। এ কার্যক্রম প্রাস্তিক জনগোষ্ঠীর তথ্য অধিকার নিশ্চিত করে তাদের কণ্ঠস্বরকে শক্তিশালী করেছে।

বাংলাদেশে এখনও দরিদ্র মানুষের জন্যে রাষ্ট্র হলো সুদূর একটি সত্তা, যেখানে তাদের পৌঁছনো কষ্টসাধ্য এবং আরো কঠিন হলো মত বিনিময় করা। একইভাবে দরিদ্র জনগোষ্ঠীর কথা তাদের নিজেদের সমাজের মানুষেরাও শোনেন না। এসব ক্ষেত্রে কমিউনিটি রেডিওর প্রসার, শক্তিশালীকরণ ও সম্প্রসারণ দরিদ্র মানুষের নাগালের মধ্যে তথ্যের সহজলভ্যতা সৃষ্টি করে দরিদ্র বিমোচনে

Community Radio is playing a vital role in South Asian countries along with the world and Bangladesh is not far behind in this movement of right to information. The Community Radio installation, broadcast and management policy 2012 has been formulated by the information ministry of Bangladesh, and we thank the government for it.

Bangladesh NGOs Network for Radio and Communication, since its inception - has been in dialogues with the government along with other organizations, on establishing community radios in Bangladesh. After 12 years of earnest efforts, 14 community radio stations are now carrying out their broadcasts in the country and are strengthening the voice of the terminal population through ensuring their right to information.

For the poor people of Bangladesh, the state is a distant entity that is hard to reach and even harder to exchange opinions. Similarly, the people within the low-income community do not listen to each other's stories. Prosperity, expansion and strengthening of community radio can increase

গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

সহস্রাব্দের উন্নয়ন লক্ষ্যাবলী অর্থাৎ এমডিজি'র ৩নং লক্ষ্য হচ্ছে জেডার সমতা ও নারীর ক্ষমতায়ন। এক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে মালিকানা এবং এগুলোতে প্রবেশাধিকার একটি উদাহরণ হিসেবে নিলে এ কথা অত্যন্ত সুস্পষ্ট যে বাংলাদেশে প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে জেডার বৈষম্য ব্যাপক। সম্প্রচারের ক্ষেত্রে জেডার বৈষম্য আরো ভয়াবহ। যেহেতু কমিউনিটি রেডিও চালু হয়েছে সেহেতু প্রথম থেকেই এসব ক্ষেত্রে জেডার বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করলে কমিউনিটি রেডিও পরিচালনায় প্রশাসনিক, ব্যবস্থাপনা, অনুষ্ঠান ও আর্থিক পরিকল্পনায় জেডার সমতা নিশ্চিত করা সম্ভব।

ওয়ার্ল্ড এসোসিয়েশন অফ কমিউনিটি রেডিও ব্রডকাস্টার্স (এমার্ক)-উইমেন ইন্টারন্যাশনাল নেটওয়ার্ক এশিয়া প্যাসিফিক কর্তৃক প্রণীত কমিউনিটি রেডিও স্টেশন পরিচালনায় জেডার নির্দেশিকাটি বাংলা ভাষায় অনুবাদ করে প্রকাশ করার অন্যতম লক্ষ্য হলো বেতার অনুষ্ঠান সম্প্রচারের সকল ক্ষেত্রে জেডার বৈষম্য দূরীকরণে সরকারি, বেসরকারি পর্যায়ে ও উদ্যোক্তাদের মাঝে ব্যাপকভাবে সচেতনতা সৃষ্টি করা।

আশা করি কমিউনিটি রেডিও উদ্যোক্তাগণ কমিউনিটি রেডিও স্টেশন পরিচালনায় জেডার নির্দেশিকাটি অনুসরণ করে নিজ নিজ স্টেশনের জন্যে নিজস্ব জেডার নির্দেশিকা প্রণয়ন করবেন এবং তা অনুসরণ করবেন। কমিউনিটি রেডিওতে অনুষ্ঠান সম্প্রচার ব্যবস্থায় জেডার সমতা আনয়নে বিশেষ অবদান রাখবেন। কমিউনিটি রেডিও হোক বঞ্চিত জনগোষ্ঠীর উন্নয়নের অন্যতম হাতিয়ার।

পরিশেষে কমিউনিটি রেডিও স্টেশন পরিচালনায় জেডার সমতা এবং সামাজিকীকরণ নির্দেশিকা ২০১৩ পুনঃপ্রকাশে সহায়তা করার জন্যে প্ল্যান-বাংলাদেশকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

এএইচএম বজলুর রহমান

প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ এনজিওস নেটওয়ার্ক ফর
রেডিও এন্ড কমিউনিকেশন

availability of information, and thus play a crucial role in poverty alleviation.

The third target of the millennium development goal (MDG) is gender equality and women's empowerment. Taking ownership and participation in information technology as examples, it is clear that gender discrimination in use of technology is massive. The scenario is even worse in the broadcast sector. Since community radios are now operational and if the issue is taken seriously from the beginning, then gender equality can be ensured in the administrative, management, program and financial planning departments in running a radio.

The target of publishing the guideline formulated by The World Association of Community Radio Broadcasters (AMARC)-Women International Network Asia is to create mass awareness among entrepreneurs in private and public sectors in eliminating gender discrimination in radio program broadcasting.

I hope that community radio initiators will follow this gender guideline while making a gender guideline for their own stations, and will follow them, to bring gender equality in broadcasting programs on community radio. Let community radio be the tool for development for the deprived populace.

Finally, I would like to extend my heartfelt thanks to Plan Bangladesh for helping publish the "Gender Equality and Socialization Guideline in operating community radio stations - 2013".

AHM Bazlur Rahman

Chief Executive Officer
Bangladesh NGO's Network
for Radio and Communication

ওয়ার্ল্ড এসোসিয়েশন অফ কমিউনিটি ব্রডকাস্টার্স (এমার্ক) উইমেন ইন্টারন্যাশনাল নেটওয়ার্ক (উইন) এশিয়া প্যাসিফিক কর্তৃক ৮ মার্চ ২০০৮ তারিখে প্রণীত কমিউনিটি রেডিও স্টেশন পরিচালনায় জেডার নীতিমালা শীর্ষক প্রকাশনাটি বাংলাদেশ এনজিওস নেটওয়ার্ক ফর রেডিও এন্ড কমিউনিকেশন (বিএনএনআরসি) ইংরেজি ও বাংলায় প্রকাশ করতে যাচ্ছে জেনে আমরা আনন্দিত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার এবং পরিচালনা নীতিমালা ২০০৮ প্রণয়ন করেছে এবং ইতোমধ্যে সরকারের অনুমোদন শেষে ১৪টি কমিউনিটি রেডিও স্টেশন স্থাপন করে অনুষ্ঠান সম্প্রচার শুরু করেছে। সুতরাং জেডার নীতিমালা বিষয়ক এ বাংলা ও ইংরেজী প্রকাশনাটি বাংলাদেশে কমিউনিটি রেডিও স্টেশনসমূহে নারী-পুরুষ সমতা এবং নারীর ক্ষমতায়ন নিশ্চিত করতে সমরোপযোগী অবদান রাখতে সক্ষম হবে।

এমার্ক-উইন এশিয়া প্যাসিফিক এবং আইএসআইএস ইন্টারন্যাশনাল পরিচালিত জরীপের মাধ্যমে প্রণীত প্রস্তাবিত জেডার নীতিমালাটিতে কমিউনিটি রেডিওতে নারীদের অংশগ্রহণের গুরুত্ব ও প্রয়োজনীয়তা বিশেষভাবে তুলে ধরা হয়েছে। এমার্ক-উইন এশিয়া প্যাসিফিক জরীপে দেখা গেছে, স্টেশনসমূহের

We are happy to know that Bangladesh NGOs Network for Radio and Communication (BNNRC) is publishing a English & Bangla version of the Publication of Gender Equality Guideline in Operating Community Radio Stations, formulated on March 8th, 2008 by World Association of Community Broadcasters (AMARC)-Women International Network (WIN).

The people's republic of Bangladesh has formulated the community radio establishment, broadcast and operations regulations-2008, and so far, 14 community radios have begun broadcasting, after getting approval from government. Therefore, this publication on gender policies will play an important role in male-female equality and women's empowerment at the community radio stations in Bangladesh.

In this proposed Gender Equality Guideline, based on surveys by AMARC-WIN Asia Pacific and ISIS International, the importance and need for women's participation in community radio have been brought up. The survey shows that 45 of the staff and

স্টাফ ও স্বেচ্ছাসেবীদের শতকরা ৪৫ জন নারী কিন্তু তাদের মাত্র ২৮ শতাংশ নেতৃত্বের অবস্থানে রয়েছে এবং মাত্র ৩০% শতাংশ কারিগরি কাজ করে। তারা যেসব উদ্বেগের কথা প্রকাশ করেছে তার মধ্যে রয়েছে কারিগরি দক্ষতার অভাব, নিরাপত্তাহীনতা এবং সহিংসতা, তাদের দৃষ্টিভঙ্গি তুলে ধরার এবং সিদ্ধান্ত গ্রহণের সীমিত সুযোগ। পুরুষ-নিয়ন্ত্রিত রেডিও কাঠামোর ব্যাপারে তারা অভিযোগ করেন যা নারীদের অংশগ্রহণে বাধা সৃষ্টি করে এবং ভীতি প্রদর্শন করে।

জরীপে অংশগ্রহণকারীরা নারীদের নেতৃত্ব, ব্যবস্থাপনা এবং আর্থিক ব্যবস্থাপনায় অধিকতর প্রবেশগম্যতার আহ্বান জানান। তারা অনুষ্ঠানের বিষয়বস্তু নির্ধারণ এবং প্রয়োজনার বিভিন্ন পর্যায়ে নারীদের অংশগ্রহণ পরিবর্তনের সুপারিশ করেন। নীতিমালাটির সুপারিশসমূহের মধ্যে রয়েছে নারীদের জন্যে প্রশিক্ষণ, যৌন-হয়রানী বিরোধী একটি নীতিমালা প্রণয়ন, নারী নেতৃত্ব এবং প্রতিনিধিত্বের জন্যে কমপক্ষে ৩০ শতাংশ কোটা সংরক্ষণ এবং নারীদের জন্যে বিশেষ রেডিও অনুষ্ঠানমালা নির্মাণ। নীতিমালাটিতে শিশু-পরিচর্যার জন্যে জায়গা বরাদ্দকরণ, নমনীয় কার্যকাল, নারীদের জন্যে সুবিধাজনক সম্প্রচার সূচি, স্টেশনে যথেষ্ট আলো ও নিরাপত্তা ব্যবস্থা এবং যেসব নারীকর্মী স্টেশন থেকে দূরে অবস্থান করেন তাদের জন্যে যানবাহনের ব্যবস্থা করার মতো আরও কিছু বাস্তব পদক্ষেপের সুপারিশ করা হয়েছে।

বাংলাদেশে তৃণমূল পর্যায়ে পর্যন্ত কমিউনিটি রেডিও সম্প্রচারের সর্বস্তরে নারী-পুরুষ সমতা নিশ্চিত করার লক্ষ্যে এ জেডার নীতিমালাটি গ্রহণ করতে বাংলাদেশের সকল রেডিও স্টেশন কর্তৃপক্ষকে আহ্বান জানাই। কমিউনিটি রেডিওর মাধ্যমে শক্তিশালী নারীকণ্ঠ জাগরণের প্রত্যাশায়।

বিয়াংকা মিজলিওরেটো

প্রতিনিধি
ওয়ার্ল্ড এসোসিয়েশন অফ কমিউনিটি রেডিও
ব্রডকাস্টার্স (এমার্ক)-উইমেন

volunteers at the stations are women, but only 28 per cent are in leadership positions and 30 per cent are doing technical work. The concerns they expressed include lack of technical skills, insecurity and violence, and limited scope to express views and make decisions. They also complained about male-dominated radio structure that impedes their participation and intimidates them.

Participants of the survey urged for more entrance of women in leadership, management and financial management and also suggested for improving women's participation in determining contents of radio programs, and producing of the programs. The recommendations made in the regulations include training for women, formulation of anti-sexual harassment regulations, reserving of a 30% quota for women leadership and special radio program for women. Suggestions have also been made for space for child-care, flexible working hours, broadcast schedules suited for women, ample light and security measures at radio stations and transportation for those women works that live far away from the stations.

I urge all radio stations of Bangladesh to accept this gender guideline to ensure equality of men and women at all stages of community radio broadcast at the grass-root levels of the country. Here's to hoping for a powerful awakening of women's voices through community radio.

Bianca Miglioretto

Representative
World Association of Community
Radio Broadcasters (AMARC)-Women

কমিউনিটি রেডিও স্টেশন পরিচালনায় জেন্ডার নির্দেশিকা

(আন্তর্জাতিক প্রেক্ষিত)

Gender Guidelines for Operating Community Radio Stations (International Context)

ভূমিকা

সারাবিশ্বে আন্তর্জাতিক সকল সংস্থায়, জাতীয় সংবিধানে এবং সমাজে নারী সমতা এবং মানব অঙ্গনের প্রত্যেক ক্ষেত্রে নারীর গুরুত্বপূর্ণ ভূমিকা স্বীকৃতি পেয়েছে।

সার্বজনীন মানবাধিকার ঘোষণাপত্রে জেন্ডার, সেক্স, ধর্ম, বর্ণ নির্বিশেষে সকল মানুষের অধিকার স্বীকৃত হয়েছে। তদুপরি, সরকারসমূহ নারী অধিকারকে স্বীকৃতি দিয়েছে নারীর প্রতি সব ধরনের বৈষম্য বিলোপ সনদ (সিডও) এর মাধ্যমে। এ সনদের আওতায় রাষ্ট্রসমূহ ক. সমতা নীতি খ. বৈষম্যহীনতার নীতি এবং গ. রাষ্ট্রীয় দায়বদ্ধতার নীতি-এ তিন নীতি বাস্তবায়নে সুনির্দিষ্ট কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নে বাধ্য।

নারী সমতা বৃদ্ধিতে গণমাধ্যমের ভূমিকা গুরুত্বপূর্ণ। ১৯৯৫ সালে ঐকমত্যের ভিত্তিতে গৃহীত বেইজিং নারী প্ল্যাটফর্ম এর সেকশন 'জে'তে এটা স্বীকার করা হয়েছে। গণমাধ্যমে নারীদের সক্রিয় সম্পৃক্ততার প্রতি দৃষ্টি আকর্ষণ করা হয়েছে এ সেকশনে, কিন্তু বাস্তবে সব ধরনের গণমাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় তাদের অনুপস্থিতি রয়ে গেছে। এটা আরও গুরুত্ব দেয় সংস্কারের প্রয়োজনীয়তার উপর এবং প্রশিক্ষণ, গবেষণা ও নারী উন্নয়নের মাধ্যমে সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়ায় তাদের অংশগ্রহণ বাড়াতে সরকারের দায়িত্বের উপর। এছাড়া এটা গণমাধ্যম পেশাজীবীদেরকেও দায়িত্ব দেয় দু'টি নির্ধারিত কৌশলগত লক্ষ্য পূরণে সহযোগিতা করতে— একটি হচ্ছে গণমাধ্যমে ও যোগাযোগের নতুন প্রযুক্তির মধ্যে এবং গণমাধ্যমে নারীদের মতপ্রকাশ ও সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়ায় অংশগ্রহণ এবং প্রবেশাধিকার বাড়াণো এবং অপরটি হচ্ছে গণমাধ্যমে নারীর একটি ভারসাম্যপূর্ণ ও নন-স্টেরোটাইপড (গৎবাঁধা নয় এমন) চিত্র তুলে ধরতে সাহায্য করা। এ লক্ষ্যগুলো অর্জনে কমিউনিটি রেডিওর একদম সামনে থাকা উচিত।

Introduction

All over the world, in international organizations, national constitutions and in society, equal opportunities for women and their roles in every aspect of human life have been recognized.

In the Universal Declaration of Human Rights, rights of all human beings irrespective of gender, sex, religion and race have been recognized. Moreover, governments have recognized women's rights through the Convention on Elimination of Discrimination Against Women (CEDAW). Under the convention, states are obligated to take definite action to implement 3 policies: a) equality policy b) non-discriminative policy and c) state liability policy.

The role of mass media in ensuring equal rights for women is crucial. It has been acknowledged in the Section J of the Beijing Women's Platform undertaken on basis of unanimity. Although active involvement of women in mass media was drawn attention to in this section, the absence of women in the decision making process in all kinds of mass media prevail. It also emphasized on need for reformation, and on the government's duties to increase women's participation in decision-making by training, research and women's development. It also vested two responsibilities on mass media workers in assisting to fulfill two tactical targets – one being women's participation in expression of opinion and decision-making through new technologies in the mass media, and the other was to uphold a balanced and non-stereotyped image of women in mass media. Community radios should be the frontrunners in achieving these targets.

ইন্টারনেট এবং অনলাইন যোগাযোগ ব্যবস্থা নারীদের একটি ন্যায়সঙ্গত অবস্থানে থেকে নেটওয়ার্ক তৈরি ও যোগাযোগের সুযোগ করে দিয়েছে। কিন্তু উন্নয়নশীল দেশসমূহের অধিকাংশ নারীই এ ধরনের প্রযুক্তিতে খুবই সামান্য প্রবেশাধিকার পায়। উন্নয়নশীল দেশসমূহের নারীদের চাহিদা এবং উন্নত দেশসমূহের প্রযুক্তিতে তাদের সীমিত প্রবেশাধিকার-এর বিষয়টি শুধুমাত্র কমিউনিটি রেডিও পেশাজীবীদের দৃষ্টিতে আনলেই চলবে না। বরং তা স্থানীয় সরকার থেকে আন্তর্জাতিক সংস্থা পর্যন্ত সমাজের প্রত্যেক স্তরের নীতি-নির্ধারকদের দৃষ্টিগোচর করতে হবে। দূর্ভাগ্যবশত, সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া নারীর অনলাইন চাহিদাকে ভীষণভাবে উপেক্ষা করেছে, যার ফলে পুরুষ দ্বারা তৈরি এবং পুরুষ অনুকূল এমন এক পরিবেশ গড়ে উঠেছে যা নারী-পুরুষের তথ্য ব্যবধান, নারীর নেতিবাচক উপস্থাপনা, প্রকাশ্য বাণিজ্যিকীকরণ, বিশেষ করে বিজ্ঞাপনসমূহে নারীকে যৌনাবদনময়ী করে উপস্থাপন করার প্রবণতা আরও বাড়িয়ে দিয়েছে। নীতি নির্ধারণী সভায় এই সুনির্দিষ্ট উদ্বেগের বিষয়গুলো অন্তর্ভুক্ত করতে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারে নারীদের ভূমিকা বৃদ্ধিতে এবং এই রাজনৈতিক বৈষম্য দূরীকরণে কমিউনিটি রেডিও সহায়ক ভূমিকা পালন করতে পারে।

শান্তি বিধান, দ্বন্দ্ব প্রতিরোধ এবং নিরসনে নারীর ভূমিকা জাতিসংঘ নিরাপত্তা পরিষদের ১৩২৫ নম্বর কার্যবিবরণীর দ্বারা আন্তর্জাতিকভাবে স্বীকৃত। সংঘাতময় পরিস্থিতিতে নারীর শান্তি প্রক্রিয়া এবং সুনির্দিষ্ট প্রয়োজনে নারীর কথা শোনানোর সুযোগ করে দিতে এবং নারীর দৃশ্যমানতা নিশ্চিত করতে কমিউনিটি রেডিওর বিশেষ দায়িত্ব রয়েছে।

বৈষম্য দূরীকরণে সকল পর্যায়ের কর্মসূচি প্রণয়ন ও সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়ায় নারীদের অংশগ্রহণ সহজতর করতে, নারীদের কণ্ঠ ও বিষয়সমূহ যেন প্রতিদিনের সংবাদসূচির অন্তর্ভুক্ত হয় তা নিশ্চিত করতে, সমাজের সক্রিয় সদস্য হিসেবে নারীদের ইতিবাচক প্রতিচ্ছবি ফুটিয়ে তুলতে এবং নারীরা যেন প্রযুক্তিগত দক্ষতা এবং আত্মবিশ্বাস অর্জনের মাধ্যমে তাদের নিজেদের যোগাযোগ ব্যবস্থা নিয়ন্ত্রণ করতে পারে সে ব্যাপারে নারীদের

Internet and online communication systems have made it possible for women to network and communicate from a justified position. However, most women have very limited access to such technologies in developing countries. It's not enough to bring to the attention of community radio professionals - the limited access of technologies of developed countries by women and their demands. It needs to be made visible to policymakers at local governments to international organizations. Unfortunately, decision making processes are ignoring women's online demands which are creating a male-favored atmosphere, which is increasing information gap, negative presentation, public commercialization, and specially the tendency of presenting women in sexually attractive ways in advertisements. Community radio can play an important part in raising these specific concerns in policymaking meetings, in increasing women's roles in use of information and communication technology, and in eliminating the political discriminations.

Women's roles in establishing peace and resolving conflict are internationally recognized by the agenda 1325 of the UN Security Council. Community radios have the special responsibility to help women's voices be heard and women's peace process during times of conflict.

Community radios should also help in making women's participation easier in all anti-discrimination movements and decision-making, ensuring that women's voices and issues are included in everyday news, creating a positive image of women as active members of the society and assisting women control their communication networks through gaining confidence and technological skills. Community radio is part of a progressive social movement so the

সহায়তা করতে কমিউনিটি রেডিও'র একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব রয়েছে। কমিউনিটি রেডিও একটি প্রগতিশীল সামাজিক আন্দোলনের অংশ তাই এ ধরনের স্টেশনসমূহের উচিত সমমনা অপরাপর প্রগতিশীল নারী আন্দোলনসমূহের সাথে বন্ধন স্থাপন করা এবং তা সুদৃঢ় করা। স্টেশনসমূহের আরও দায়িত্ব রয়েছে এমন একটি নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন করা যা নারীর প্রতি সম্মান এবং সমতাকে এর মূলভিত্তি হিসেবে বিবেচনা করে। কমিউনিটি রেডিও'র জন্য জেডার বিষয়ক এ নীতিমালা স্টেশনসমূহে জেডার সমতা বাস্তবায়নে একটি সহায়ক উপকরণ হিসেবে কাজ করবে। তাই এই উপকরণটি স্টেশনের গঠনতন্ত্র ও নীতিমালার অন্তর্ভুক্ত হওয়া উচিত।

অনুচ্ছেদ ১: বেতারতরঙ্গে নারীদের প্রবেশাধিকার

বেতার তরঙ্গে নারীদের প্রবেশাধিকার থাকা উচিত যাতে করে তারা রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক ও বিনোদনমূলক নিজস্ব অনুষ্ঠান এবং নারী বিষয়ক অনুষ্ঠান তৈরি করতে পারে।

এর জন্য নারীদের প্রশিক্ষণ ও অনুষ্ঠান প্রয়োজনায় জায়গা করে দিতে এবং স্টেশনের ভিতরে ও বাইরে নারীদের কাজের জন্য নিরাপদ ও সহায়ক পরিবেশ তৈরিতে ইতিবাচক মনোভাব থাকা প্রয়োজন। যে কোন ধরনের যৌন হয়রানি থেকে রক্ষা করতে যৌন-উৎপীড়ন বিরোধী নীতিমালা এবং অভিযোগ উত্থাপন ব্যবস্থা এর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে হবে। নির্ভয়ে কাজ করতে পারা নারীর অধিকার। তাই আত্মরক্ষা ও নিরাপত্তার জন্য নারীদের উপযুক্ত প্রশিক্ষণ, নারী নির্যাতনের ক্ষেত্রে শূণ্যমাত্রায় সহনশীলতা (তবৎড় এরডুসবৎহপব), স্টেশনের ভেতরে ও বাইরে থেকে আসা হুমকি যেন নারীরা মোকাবেলা করতে পারে সে ব্যাপারে সহযোগিতা নিশ্চিত করা প্রচারতরঙ্গে নারীদের প্রবেশাধিকারের মূল ভিত্তি হবে।

বেশি রাতে বা একা চলাফেরা করতে অসমর্থ হওয়ার কারণে বাস্তবতার আলোকে নারীদের পক্ষে বেতারতরঙ্গে প্রবেশ কখনো কখনো কঠিন হয়ে পড়ে। নারীরা যেন এ বাধাসমূহ অতিক্রম করতে পারে সে জন্য উদ্যোগ নিতে হবে যেমন

stations should establish and strengthen linkage with other like-minded progressive women's movements. The stations should also formulate and implement policies that have respect for women and equality at its bases. This gender guideline will help in realizing gender equality at community radios, and thus should be included in the organizational structure and policy.

Section 1: Access of women in radio waves

Women should have access to the radio waves so that they can make their own political, social, economic, cultural and entertainment-based programs on women.

For this, there should be a positive mindset to train and make space for women to produce programs, while creating a safe and suitable environment for women to work. There should also be anti-sexual harassment regulations and a complain-raising mechanism to prevent any kind of sexual harassment. It is women's right to be able to work without fear. The main basis of access of women to radio waves will be training for self-defense, zero tolerance against assault on women, and ensuring assistance to help women tackle threats from inside and outside the station.

Sometimes, it gets difficult for women to access radio waves due to their limitations of traveling alone or late at night. Initiatives should be taken so that women can overcome these obstacles, by providing transport through mobile radio stations or by providing security. Special trainings are needed for women to overcome lack of trust, and separate workdays for women may also be declared. Unless gender equality is not ensured, arrangements should be

ভ্রাম্যমান রেডিও স্টেশনের মাধ্যমে বা পরিবহনের ব্যবস্থা করে অথবা নিরাপত্তা প্রদানের মাধ্যমে। বিশ্বাসহীনতার সমস্যা উত্তরণে নারীদের জন্য পৃথক কারিগরি প্রশিক্ষণ আয়োজন এবং শুধুমাত্র নারীদের জন্যে আলাদা কর্মদিবস ঘোষণা করা যেতে পারে। যতদিন পর্যন্ত নারীদের সমতা অর্জিত না হয়, ততদিন পর্যন্ত স্টেশনের মধ্যে এবং সম্প্রচারে সব ধরনের বৈষম্য নিরসনে, নারীদের অংশগ্রহণে সহায়তা করতে এবং নারীদের সমঅংশগ্রহণের জন্য অনুকূল পরিবেশ সৃষ্টি করতে রেডিও স্টেশনের ভেতরে নারী বিষয়ক আলাদা ডেপ্তার/বিভাগ স্থাপনের ব্যবস্থা রাখতে হবে।

অনুচ্ছেদ ২: বেতার তরঙ্গে নারী প্রতিনিধিত্ব

একই বাঁধাধরা ছকে না থেকে বা একই পরিবারের মধ্যে সীমাবদ্ধ না থেকে বরং ভিন্ন ভিন্ন ক্ষেত্রে নারী প্রতিনিধিত্ব নিশ্চিত করতে উৎসাহ দিতে হবে। স্টেশন থেকে সম্প্রচারিত সম্পাদকীয় থেকে শুরু করে বিজ্ঞাপন পর্যন্ত অনুষ্ঠানমালায় জেডার, গোত্র, শ্রেণী, বর্ণভেদ ব্যতিরেকে সব মানুষের প্রতি সমান মর্যাদা ও সম্মান প্রদর্শন করতে হবে। এর অর্থ হচ্ছে নারী-পুরুষ কারো জন্যই যেন তা শারীরিকভাবে বা অন্য কোনভাবেই আপত্তিকর না হয়। নারীর ক্ষমতায়ন যেন সকল অনুষ্ঠানে প্রতিফলিত হয়। সর্বোপরি, নারীদের জন্য বিশেষ অনুষ্ঠানও অবশ্যই থাকতে হবে। একইসাথে নারী সম্প্রচারকারীদের শুধুমাত্র নারী বিষয়ক অনুষ্ঠানসমূহের মধ্যে সীমাবদ্ধ করে রাখা যাবে না।

বিশেষজ্ঞ মূল্যায়ন এবং মতামত উপস্থাপনে নারীরা গণমাধ্যমে প্রায়ই অবহেলিত হয়ে থাকে। সমাজের প্রত্যেক পর্যায় ও ক্ষেত্র থেকে একাধিক উৎস ও মুখপাত্রকে সংবাদ ও অন্যান্য বিশ্লেষণধর্মী অনুষ্ঠানসমূহে অংশগ্রহণ করাতে হবে। এ প্রক্রিয়াকে সহজতর করতে বিভিন্ন পেশা ও কর্মক্ষেত্রে বিশেষজ্ঞ নারীদের একটি নির্দেশিকা তৈরি করা উচিত- যা রেফারেন্স হিসেবে ব্যবহৃত হতে পারে।

অনুচ্ছেদ ৩: সংখ্যালঘু নারীদের বিশেষ প্রতিনিধিত্ব

নারীদের অভিজ্ঞতার বৈচিত্র্যকে গুরুত্ব দিতে হবে এবং যেসব নারী সরকারি ও বাণিজ্যিক

made to set up special department/desk to create favorable condition for participation of women and to eliminate all discriminations inside the station and in broadcasting.

Section 2: Representation of women in radio waves

Women representation at various sectors should be encouraged, instead being limited to one set pattern. In everything that is broadcast on the radio, starting from editorials to commercials, equal respect and honor must be shown to all irrespective of gender, race, and class. Which means they must not be physically or in any other way offensive to either men or women. All the programs should reflect women's empowerment. Moreover, special programs for women must be broadcast, and women cannot be restricted to just women-based programs.

Women are often neglected in expert evaluations and opinions in the mass media. Multiple sources and representatives from all classes of society must be included for participation in news and analysis-based programs. To make the process easier, a directory of women experts in various professions and fields may be made – that can be used as a reference.

Section 3: Special Representation of minority women

The diversity of women's experiences must be addressed, and women who have been victims of discrimination, assault and neglect in public and commercial mass media, must be given a platform to speak. This means there should be special arrangements for disabled, religious and racial minorities and hermaphrodites.

গণমাধ্যম থেকে বিভিন্ন ধরনের বৈষম্য, নির্যাতন এবং অবহেলার সম্মুখীন হয়েছেন তাদের জন্য কথা বলার জায়গা করে দিতে হবে। অর্থাৎ প্রতিবন্ধী, সংখ্যালঘু জাতিসত্তা, বর্ণ ও আদিবাসী নারী এবং হিজড়াদের জন্যে বিশেষ ব্যবস্থা থাকতে হবে।

কমিউনিটি রেডিও সম্প্রচারে নারী ও পুরুষের সকল অঙ্গন ও পর্যায় থেকে সমান প্রবেশাধিকার নিশ্চিত করতে হবে। বিশেষ করে, সংখ্যালঘু জাতিসত্তার নারীদের অধিকার ভিত্তিতে সম্প্রচার সময় দিতে হবে যাতে করে তারা বৈষম্যহীন, নিরাপদ এবং ক্ষমতায়িত পরিবেশে স্বাচ্ছন্দ্যে তাদের বিষয়গুলো তুলে ধরতে পারে। এ ধরনের নারীদের জন্যে দক্ষতা বিকাশ ও প্রশিক্ষণের আয়োজন অনন্য উদ্যোগ হবে এবং এর চাহিদা পূরণে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় অর্থায়ন করতে হবে।

অনুচ্ছেদ ৪: স্টেশন ব্যবস্থাপনার সকল পর্যায়ে নারী প্রতিনিধিত্ব

সরকারি বা সরকার নিয়ন্ত্রিত এবং বাণিজ্যিক রেডিওসমূহের চেয়ে কমিউনিটি রেডিওতে বিশ্বব্যাপী নারী প্রতিনিধিত্ব বেশি আছে। তবুও নারীরা প্রায়ই বঞ্চিত হন বিশেষ করে সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়া এবং কারিগরি সক্ষমতার ক্ষেত্রে, এমনকি বেশ কিছু স্টেশন রয়েছে যেখানে আদৌ কোন কার্যকর নারী প্রতিনিধিত্ব নেই।

